

# সমকাল

## কর প্রত্যাহারসহ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ঊদফা দাবি

প্রকাশ: ১৩ ঘণ্টা আগে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



সংগৃহীত

প্রস্তাবিত বাজেটে বেসরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ওপর ১৫ শতাংশ কর প্রত্যাহার করাসহ ছয় দফা দাবি জানিয়েছে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। শুক্রবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের সংগঠন নো ভ্যাট অন এডুকেশন'এর ব্যানারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানানো হয়।

তাদের অন্যান্য দাবি হলো- বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয় হিসাব ইউজিসির খতিয়ে দেখা, দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অভিন্ন টিউশন ফি নীতিমালা প্রণয়ণ করা, সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অভিন্ন গ্রেডিং পদ্ধতি চালু করা, গবেষণা খাতে বরাদ্দ বাড়ানো এবং করোনাকালে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা জীবন নিশ্চিত প্রণোদনা প্রদান করা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের মুখপাত্র ও ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের শিক্ষার্থী শাহ রেজোয়ান। লিখিত বক্তব্যে তিনি বলেন, বিগত ২০১০ এবং ২০১৫ সালে বেসরকারি শিক্ষা ব্যবস্থার ওপরে অযৌক্তিক কর চাপানোর চেষ্টা হয়। তার বিরুদ্ধে ‘নো ভ্যাট অন এডুকেশন’ সরব ছিলো এবং বেসরকারি শিক্ষা ব্যবস্থাকে পণ্যে রূপান্তর করার যে অপচেষ্টা তা রুখে দিয়ে ২০১৫ সালে সরকারকে ভ্যাট প্রত্যাহার করতে বাধ্য করা হয়। এবারও পূর্বের মতোই আমরা বলতে চাই শুধু বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান নয় যেখানেই শিক্ষাকে পণ্যে রূপান্তর করার নূন্যতম চেষ্টা চলবে সেখানেই ‘নো ভ্যাট অন এডুকেশন’ প্রতিরোধ গড়ে তুলবে।

তিনি বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এ স্পষ্টভাবে উল্লেখ রয়েছে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ সম্পূর্ণ অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হবে। যদি তাই হয় তবে কি করে বেসরকারি বিশ্ববিদ্যালয় সমূহের মালিক পক্ষ মুনাফা অর্জন করে?

তিনি আরও বলেন, ২০১০ সালের আইন অনুযায়ী বলা চলে, বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের মালিক পক্ষ যে মুনাফা অর্জন করছে তা সম্পূর্ণ রূপে অবৈধ।

সংবাদ সম্মেলনে তিনি আরো বলেন, যে কর আরোপের প্রস্তাব করা হয়েছে তা শিক্ষার্থীদের ওপর বর্তালে কোনভাবেই ছাত্র সমাজ মেনে না। এই বাজেট কোনভাবেই শিক্ষাবান্ধব বাজেট হতে পারে না। আমরা শিক্ষাখাতে মোট জিডিপি ৮ ভাগ দাবি করছি।

সংবাদ সম্মেলনে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটির শিক্ষার্থী শাওন বিশ্বাস, ইস্টার্ন ইউনিভার্সিটির শাহরিয়ার অপূর্ব, সাউথ এশিয়া ইউনিভার্সিটির শাজাহান শান্ত, ওয়ার্ল্ড ইউনিভার্সিটির রাকিবুল হাসান শুভ এবং গ্রিন ইউনিভার্সিটির শিক্ষার্থী প্রিতম ফকির প্রমুখ উপস্থিত ছিলেন।

© সমকাল ২০০৫ - ২০২১

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: samakalad@gmail.com